# সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ৫৬৪

১. পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৫৬. দেহের অভ্যন্তর ভাগ থেকে, যেমন নাক দিয়ে রক্ত নিঃসরণ, বমন, রক্তমোণ ইত্যাদি ক্ষেত্রে উযু করা সম্পর্কে

بَابٌ فِي الْوُضُوءِ مِنَ الْخَارِجِ مِنَ الْبَدَنِ كَالرُّعَافِ وَالْقَيْءِ وَالْحِجَامَةِ وَنَحْوِهِ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ خَلَفٍ الْخَلَّالُ ، نَا مُحَمَّدُ بْنُ هَارُونَ بْنِ حُمَيْدٍ ، نَا أَبُو الْوَلِيدِ الْقُرَشِيُّ ، نَا الْوَلِيدُ ، قَالَ وَأَخْبَرَنِي بَقِيَّةُ ، عَنِ ابْنِ جُرَيْجٍ ، عَنْ عَطَاءٍ ، عَنِ ابْنِ عَبَّاسٍ " أَنَّ رَسُولَ اللَّهِ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ رَخَّصَ فِي دَمِ الْحُبُونِ " ـ يَعْنِي : الدَّمَامِيلَ ـ . وَكَانَ عَطَاءٌ يُصَلِّي وَهِيَ فِي ثَوْبِهِ . هَذَا بَاطِلٌ عَنِ ابْنِ جُرَيْجٍ ، وَلَعَلَّ بَقِيَّةَ دَلَّسَهُ عَنْ رَجُلٍ ضَعِيفٍ ، وَاللَّهُ أَعْلَمُ

বাংলা

৫৬৪(৩৪). মুহাম্মাদ ইবনে খালাফ আল-খাল্লাল (রহঃ) ... ইবনে আব্বাস (রাঃ) থেকে বর্ণিত। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ফোড়া থেকে নির্গত রক্ত (পুঁজ) সম্পর্কে (উযু না করার) অবকাশ দিয়েছেন।

আতা (রহঃ) নামায পড়তেন এবং তখন তার কাপড়ে এই রক্ত লেগে থাকতো। ইবনে জুরাইজ (রহঃ) থেকে এই হাদীসের বর্ণনা বাতিল। সম্ভবত বাকিয়্যা (রহঃ) এই হাদীস কোন দুর্বল রাবী থেকে তাদলীস (অর্থাৎ নিজের উর্ধ্বতন শায়খের নাম বাদ দিয়ে তার উর্ধ্বতন শায়েখ থেকে) করেছেন। আল্লাহই সর্বাধিক জ্ঞাত।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=80353

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন